**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
ইন্সট্রাক্টরের কার্যালয়
উপজেলা রিসোর্স সেন্টার
কাহালু, বগুড়া।
urc.kahaloo.bogra.gov.bd

স্মারক নংঃ ৩৮.০১.১০৫৪.০০০.২৫.০০২.২৩.০৯

তারিখঃ ০১ ফাল্গুন, ১৪৩০ / ১৪ ফেব্রুয়ারি, ২০২৪

**বিষয় : বিষয়ভিত্তিক বাংলা প্রশিক্ষণে ডেপুটেশন প্রসঙ্গে।**

সূত্রঃ ১। ৩৮.০১.০০০০.৬০০.২৫.০১০.২১.৭৯, তারিখ ০৮/০২/২৪ খ্রিঃ।
২। ৩৮.০১.০০০০.৬০০.২৫.০১০.২১.৮৩, তারিখ ১৩/০২/২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রেক্ষিতে সবিনয়ে জানানো যাচ্ছে যে, পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা মহোদয় বিষয়ভিত্তিক বাংলা প্রশিক্ষণ আয়োজনের নির্দেশনা দিয়েছেন। উক্ত প্রশিক্ষণ নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অত্রাফিসে পরিচালিত হবে। উক্ত প্রশিক্ষণে সংযুক্ত নীতিমালা অনুযায়ী বাংলা বিষয়ে পাঠদানকারী শিক্ষকগণের মধ্য হতে প্রতি ব্যাচে ৩০ জন শিক্ষককে প্রশিক্ষণার্থী, পিইডিপি-৪ এর আওতায় বাংলা বিষয়ে মাস্টার ট্রেইনার প্রশিক্ষণপ্রাপ্ত ০২ জন শিক্ষককে প্রশিক্ষক এবং ০১ জন সহকারী উপজেলা শিক্ষা অফিসারকে সহায়ক কর্মকর্তা হিসেবে ডেপুটেশন প্রদান ও অংশগ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

| ব্যাচ নং | তারিখ | মন্তব্য |
|---|---|---|
| ১ম | ২৪/০২/২০২৪ হতে ০১/০৩/২০২৪ | ২৬/০২/২০২৪ প্রশিক্ষণ বন্ধ |
| ২য় | ০২/০৩/২০২৪ হতে ০৭/০৩/২০২৪ | |
| ৩য় | ০৯/০৩/২০২৪ হতে ১৪/০৩/২০২৪ | |

**সংযুক্তঃ নীতিমালা-৪ পাতা।**

১৪/০২/২০২৪

(মোঃ ছায়েদুর রহমান)
ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
কাহালু, বগুড়া।

উপজেলা শিক্ষা অফিসার
কাহালু, বগুড়া।

স্মারক নংঃ ৩৮.০১.১০৫৪.০০০.২৫.০০২.২৩.০৯(১০)

তারিখঃ ০১ ফাল্গুন, ১৪৩০ / ১৪ ফেব্রুয়ারি, ২০২৪

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-
১। পরিচালক (প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা- ১২১৬।
২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া।
৪। সুপারিনটেনডেন্ট, বগুড়া পিটিআই, বগুড়া।
৫। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কাহালু, বগুড়া।
৬। সহকারী উপজেলা শিক্ষা অফিসার(সকল), কাহালু, বগুড়া।
৭। অফিস কপি।

স্বাঃ/—
(মোঃ ছায়েদুর রহমান)
ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
কাহালু, বগুড়া।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রশিক্ষণ বিভাগ
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
www.dpe.gov.bd
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৬০০.১৬.০০২.২৩.১৭ — তারিখ: ২৫ মাঘ ১৪২৯ / ০৮ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: **ট্রেনিং ট্র্যাকিং সফটওয়্যারের পরিবর্তে PEMIS সফটওয়্যারে প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি এন্ট্রি সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রাথমিক শিক্ষার সাথে সংশ্লিষ্ট বিপুল সংখ্যক অংশগ্রহণকারীর মধ্যে যোগাযোগ ও তথ্য ব্যবস্থাপনার দ্রুততা ও স্বচ্ছতা নিশ্চিত করতে ডিজিটাল তথ্য ব্যবস্থাপনা সিস্টেম Primary Education Management Information System বা PEMIS সফটওয়্যারটি প্রস্তুত করা হয়েছে। PEMIS সিস্টেমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক পরিচালিত সকল প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি এন্ট্রি করতে হবে। সহসাই প্রশিক্ষণ সংশ্লিষ্ট সকলকে PEMIS সফটওয়্যারে লগইনের জন্য আইডি ও ডিফল্ট পাসওয়ার্ড সরবরাহ করা হবে।

২) বর্ণিত অবস্থায়, PEMIS আইডি পাওয়ার পর সকল উপজেলা/থানা শিক্ষা অফিসার, ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টরসহ সংশ্লিষ্ট সকলকে ট্রেনিং ট্র্যাকিং সফটওয়্যারের পরিবর্তে PEMIS সফটওয়্যারে প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি এন্ট্রি করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৮-২-২০২৩
ড. উত্তম কুমার দাশ
পরিচালক
ফ্যাক্স: 02-9038122

উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল),
ইউআরসি/টিআরসি ইন্সট্রাকটর (সকল)।

স্মারক নম্বর: ৩৮.০১.০০০০.৬০০.১৬.০০২.২৩.১৭/১(১৬) — তারিখ: ২৫ মাঘ ১৪২৯ / ০৮ ফেব্রুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) পরিচালক (সকল)
২) পরিচালক (আইএমডি) (অতিরিক্ত দায়িত্ব), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (প্রাথমিক শিক্ষা অধিপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ )।
৩) বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, (সকল)।
৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট (চলতি দায়িত্ব), সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইটি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
৫) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, (সকল)।
৬) সুপারিনটেনডেন্ট , পিটিআই , (সকল)
৭) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯) অতিরিক্ত মহাপরিচালক , (পিইডিপি৪) মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০) সংরক্ষণ নথি, প্রশিক্ষণ বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ।

৮-২-২০২৩
ড. উত্তম কুমার দাশ
পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ বিভাগ
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং ৩৮.০১.০০০০.৬০০.২৫.০১০.২১ (পার্ট-১)- ৭৬

তারিখ: ২৫ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
০৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: বিষয়ভিত্তিক (বাংলা) প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি৪) এর আওতায় ২০২৩-২৪ অর্থবছরে ইউআরসি/টিআরসিতে ০৬ (ছয়) দিন ব্যাপি বিষয়ভিত্তিক (বাংলা) প্রশিক্ষণ আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং এ লক্ষ্যে ইতোমধ্যে তাঁর অনুকূলে প্রয়োজনীয় অর্থ ছাড় করা হয়েছে।

২। বিষয়ভিত্তিক (বাংলা) প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত নিম্নবর্ণিত নির্দেশনাবলি অনুসরণপূর্বক যথাযথভাবে প্রশিক্ষণ পরিচালনার জন্য অনুরোধ করা হল।

ক) বর্ণিত প্রশিক্ষণটি ১৫ ফেব্রুয়ারি ২০২৪ থেকে শুরু করতে হবে। কোন বিশেষ কারণে সময় পরিবর্তন করতে হলে তা প্রশিক্ষণ বিভাগকে অবহিত করে পূর্বানুমতি গ্রহণ করতে হবে। সাপ্তাহিক ছুটির দিন (শুক্র ও শনিবার) প্রশিক্ষণ চলমান থাকবে। শুধুমাত্র সরকার কর্তৃক নির্ধারিত ছুটির দিনসমূহে প্রশিক্ষণ বন্ধ থাকবে।

খ) ২০২২-২৩ সনে নতুনভাবে প্রণীত বিষয়ভিত্তিক বাংলা শিক্ষক প্রশিক্ষণ সহায়িকা ব্যবহার করে প্রশিক্ষণ পরিচালনা করতে হবে। এ সহায়িকার উপর প্রশিক্ষণপ্রাপ্ত মাস্টার ট্রেইনারগণই প্রশিক্ষণ পরিচালনা করবেন। প্রশিক্ষণ বিভাগ কর্তৃক সরবরাহকৃত বিষয়ভিত্তিক (বাংলা) প্রশিক্ষণ ম্যানুয়াল ও শিক্ষক প্রশিক্ষণ সহায়ক তথ্যপুস্তিকার প্রশিক্ষণসূচীর আলোকে প্রশিক্ষকগণ প্রশিক্ষণ পরিচালনা করবেন। ইউআরসি/ টিআরসি ইন্সট্রাক্টর/ দায়িত্বপ্রাপ্ত ইন্সট্রাক্টরগণ প্রশিক্ষণ শুরুর পূর্বেই প্রশিক্ষণ পরিচালনার প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ করে নির্ধারিত দিনে সরবরাহ করবেন।

গ) প্রশিক্ষণসূচী, বাজেট বিভাজন যথাযথভাবে অনুসরণপূর্বক প্রশিক্ষণ পরিচালনা করতে হবে।

ঘ) প্রতিদিন সকাল ০৯.০০ টা থেকে বিকাল ০৫.০০ টা পর্যন্ত প্রশিক্ষণ পরিচালিত হবে। প্রশিক্ষণার্থীদের সকাল ০৮.৩০ ঘটিকায় প্রশিক্ষণ ভেন্যুতে স্বাস্থ্যবিধি অনুসরণ করে উপস্থিতি নিশ্চিত করতে হবে।

ঙ) উপজেলা/ থানা শিক্ষা অফিসার শিক্ষকের নাম, পদবী ও অন্যান্য তথ্যাদি উল্লেখপূর্বক বর্ণিত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য ইউআরসি/ টিআরসি ইন্সট্রাক্টর/ দায়িত্বপ্রাপ্ত ইন্সট্রাক্টরের সাথে সমন্বয়পূর্বক ব্যাচওয়ারী শিক্ষক মনোনয়ন প্রদান করবেন। উপজেলা/থানা শিক্ষা অফিসার এর সহায়তায় ইউআরসি/ টিআরসি ইন্সট্রাক্টর যথানিয়মে PEMIS সফটওয়্যারে বিষয়ভিত্তিক (বাংলা) প্রশিক্ষণ সংক্রান্ত শিক্ষক ও প্রশিক্ষকদের তথ্যাদি এন্ট্রি নিশ্চিত করবেন। তথ্য এন্ট্রিজনিত কোন সমস্যা হলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের আইএমডি বিভাগের সাথে ই-মেইলে (helpimddpe@gmail.com) যোগাযোগ করা যেতে পারে।

চ) বিষয়ভিত্তিক (বাংলা) প্রশিক্ষণটি সম্পূর্ণ নতুন ম্যানুয়াল দ্বারা পরিচালিত হবে। তাই প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদানের ক্ষেত্রে প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ এ প্রশিক্ষণ গ্রহণের আওতায় থাকবেন। প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয় হতে দুইজন করে শিক্ষক বাংলা বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করবেন। প্রথম শিক্ষক নির্বাচনের ক্ষেত্রে ১ম/ ২য় শ্রেণিতে বাংলা পড়ান এমন শিক্ষককে উপজেলা/ থানা শিক্ষা অফিসার আবশ্যিকভাবে মনোনয়ন প্রদান করবেন। প্রতিটি বিদ্যালয়ের একজন করে শিক্ষকের কোটা পূরণ হলে দ্বিতীয় শিক্ষক মনোনয়ের ক্ষেত্রে ১ম/ ২য় শ্রেণিতে বাংলা পড়ান এমন শিক্ষককে অগ্রাধিকার দিতে হবে তবে প্রয়োজনে ৩য়-৫ম শ্রেণিতে বাংলা বিষয়ে পাঠদান করেন এমন শিক্ষককে মনোনয়ন দেয়া যেতে পারে। কোনক্রমেই একটি বিদ্যালয় হতে একই ব্যাচে একাধিক শিক্ষককে মনোনয়ন দেয়া যাবে না। তবে উপজেলার প্রতিটি স্কুল থেকে ১ জন করে শিক্ষকের বাংলা বিষয় ভিত্তিক প্রশিক্ষণ শেষ হলেই দ্বিতীয় শিক্ষককে মনোনয়ন দিতে হবে।

ছ) ইতোপূর্বে পিইডিপি৪ এর আওতায় যে সকল শিক্ষক বাংলা বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদেরকে এ প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী হিসেবে মনোনয়ন দেয়া যাবে না।

জ) প্রশিক্ষণার্থীর বয়স অনূর্ধ্ব ৫৫ বছর হতে হবে। প্রশিক্ষণে প্রতি ব্যাচে ৩০ জন শিক্ষক প্রশিক্ষণার্থী হিসাবে অংশগ্রহণ করবেন। কোন অবস্থাতেই একজন শিক্ষক একাধিকবার উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন না।

ঝ) উপজেলা/ থানা শিক্ষা অফিসারগণ ২০২৩ সনের বিষয়ভিত্তিক (বাংলা) প্রশিক্ষণপ্রাপ্ত মাস্টার ট্রেইনারদের মধ্য থেকে ০২ (দুই) জন প্রশিক্ষককে ইউআরসি/ টিআরসি ইন্সট্রাক্টর/ দায়িত্বপ্রাপ্ত ইন্সট্রাক্টরগণের সাথে সমন্বয়পূর্বক প্রশিক্ষকের দায়িত্ব প্রদান করবেন। বিশেষ ক্ষেত্র ছাড়া একজন প্রশিক্ষক পরপর দু'ব্যাচের বেশি প্রশিক্ষকের দায়িত্ব পালন করতে পারবেন না।

ঞ) ইউআরসি/টিআরসিতে অতিরিক্ত প্রশিক্ষক/প্রশিক্ষণকক্ষের সুবিধা থাকা সাপেক্ষে একই সাথে ২ (দুই) টি ব্যাচ পরিচালনা করা যেতে পারে। এক্ষেত্রে কর্মরত সহকারী ইন্সট্রাক্টর কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করবেন। কোন কারণে প্রশিক্ষকের ঘাটতি হলে সংশ্লিষ্ট জেলা প্রাথমিক শিক্ষা অফিসার পাশ্ববর্তী উপজেলা/থানা হতে প্রশিক্ষক মনোনয়ন দিবেন।

ট) প্রশিক্ষণ শুরুর পূর্বে যে কোন দিন ইউআরসির ইন্সট্রাক্টর প্রশিক্ষকগণকে নিয়ে একত্রে বসে প্রশিক্ষণ সংক্রান্ত যাবতীয় প্রস্তুতি এবং প্রশিক্ষকগণের প্রস্তুতির বিষয়ে আলোচনাপূর্বক কার্যক্রম গ্রহন করবেন।

ঠ) প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থী মনোনয়নে কোন অনিয়ম পরিলক্ষিত হলে মনোনয়নকারী কর্মকর্তা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

ড) ইউআরসি/ টিআরসি ইন্সট্রাক্টর/দায়িত্বপ্রাপ্ত ইন্সট্রাক্টর কোর্স কো-অর্ডিনেটর হিসেবে ও সহকারি ইন্সট্রাক্টর সহায়ক কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তবে ইউআরসি এর সহকারী ইন্সট্রাক্টর এর পদ শূণ্য থাকলে কিংবা কোর্স কোঅডিনেটরের দায়িত্ব পালন করলে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসারের মনোনয়নপ্রাপ্ত সহকারী উপজেলা শিক্ষা অফিসার সহায়ক কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। উল্লেখ্য, কোর্স-কোঅর্ডিনেটর ও সহায়ক কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনের সময় একই ব্যক্তি অন্য কোন প্রশিক্ষণের প্রশিক্ষক/কো-অর্ডিনেটর/প্রশিক্ষণার্থী/সহায়ক কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন না। তবে একই সাথে একাধিক ব্যাচ পরিচালিত হলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারি শুধুমাত্র সম্মানী গ্রহণ করতে পারবেন তবে একটি প্রশিক্ষণ কোর্স থেকেই শুধু খাবার ভাতা গ্রহণ করতে পারবেন ।

ঢ) ইউআরসি/টিআরসির ইন্সট্রাক্টর প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষকগণের গ্রেড ভিত্তিক মূল্যায়ন করে মূল্যায়ন প্রতিবেদন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ পিটিআই সুপারিনটেনডেন্ট/ উপজেলা/থানা শিক্ষা অফিসার এর নিকট প্রেরণ করতে হবে।

ণ) পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়ে সংযুক্ত শিক্ষকগণ ও শিশুকল্যাণ ট্রাস্ট কর্তৃক পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে যথাযথ নির্দেশনা অনুসরণ করে উপজেলা/ থানা শিক্ষা অফিসার এ প্রশিক্ষণে অন্তর্ভূক্ত করবেন।

ত) প্রশিক্ষণ চলাকালীন যেকোনো সময় উপজেলা, জেলা, অধিদপ্তর ও মন্ত্রণালয়ের মেন্টরগণ প্রশিক্ষণ মনিটরিং ও মেন্টরিং গাইডলাইন অনুযায়ী প্রশিক্ষণ পরিবীক্ষণ করবেন।

থ) প্রশিক্ষণের সমাপনী দিনে ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর/ দায়িত্বপ্রাপ্ত ইন্সট্রাক্টর সকল অংশগ্রহণকারীকে প্রশিক্ষণে অংশগ্রহণ সম্পর্কিত সনদপত্র প্রদান করবেন।

দ) ইউআরসি/টিআরসি ইন্সট্রাক্টর/দায়িত্বপ্রাপ্ত ইন্সট্রাক্টর আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন এবং বাজেট বিভাজন অনুসারে প্রশিক্ষণের যাবতীয় ব্যয় নির্বাহ করবেন। তিনি যে কোনো আর্থিক অনিয়মের জন্য ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

৩। নবসৃষ্ট নিম্নোক্ত উপজেলার শিক্ষকগণের প্রশিক্ষণ ব্যয় নিম্নে বর্ণিত সাবেক উপজেলায় প্রেরণ করা হয়েছে। তাই নবসৃষ্ট উপজেলাসমুহের শিক্ষকগণ সংশ্লিষ্ট সাবেক উপজেলা হতে প্রশিক্ষণ গ্রহণ করবেন। এক্ষেত্রে ইউআরসি ইন্সট্রাক্টর উভয় উপজেলার উপজেলা শিক্ষা অফিসারের সাথে সমন্বয়পূর্বক ব্যাচ এর শিক্ষক নির্বাচন করবেন।

| জেলা : | চট্রগ্রাম | খাগড়াছড়ি | কুমিল্লা | নাটোর | বরগুনা | হবিগঞ্জ | সিলেট | ময়মনসিংহ |
|---|---|---|---|---|---|---|---|---|
| নবসৃস্ট উপজেলা : | কর্নফুলী | গুইমারা | লালমাই | নলডাংগা | তালতলী | শায়েস্তাগঞ্জ | ওসমানীনগর | তারাকান্দা |
| সাবেক উপজেলা : | পটিয়া | মাটিরাঙ্গা | লাকসাম | সদর | আমতলী | সদর | বালাগঞ্জ | ফুলপুর |

৪। ৪২১টি উপজেলা/ থানা রিসোর্স সেন্টারে ৪২৭ উপজেলা/ থানার প্রশিক্ষণ ব্যয় পিইডিপি৪ এর অর্থায়নে (GO এবং ibas++ অনুযায়ী) সম্পন্ন হবে। বাদবাকী ৭৯টি উপজেলা/ থানা রিসোর্স সেন্টারে ৮১ উপজেলা/ থানার প্রশিক্ষণ কার্যক্রম USAID এর এসো শিখি প্রকল্পের অর্থায়নে পরিচালিত হবে।

৫। ইউআরসির ইন্সট্রাক্টর প্রশিক্ষণ সমাপ্তির ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে আবশ্যিকভাবে নিম্নোক্ত ছকে তথ্য পরিচালক (প্রশিক্ষণ) বরাবর প্রেরণ করবেন।

## ছক

প্রশিক্ষণের নাম: ........................................, উপজেলা/থানার নাম: .................................।

| ব্যাচ নং | সময়কাল | ইউইও/টিইও কর্তৃক প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের ডেপুটেশন আদেশের স্মারক নম্বর ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| | | | |
| | | | |

**উল্লেখ্য, ছকে বর্ণিত তথ্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সাথে সম্পর্কিত বিধায় অতীব জরুরী।**

সংযুক্তি:

১. প্রশিক্ষণসূচী (০১ পাতা)
২. বাজেট বিভাজন (০১ পাতা)
৩. PEMIS সফটওয়্যার সংক্রান্ত পত্র (০২ পাতা)।
৪. GO কপি (১৫ পৃষ্ঠা)

৮/২/২০২৪

ইন্সট্রাক্টর
উপজেলা/থানা রিসোর্স সেন্টার (৪২১ উপজেলা রিসোর্স সেন্টার)

শাহীনুর শাহীন খান
পরিচালক,প্রশিক্ষণ (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২-৫৫০৭-৪৯৪৬
ইমেইল: dirtraindpe@gmail.com

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

১. পরিচালক, প্রশাসন/ পলিসি ও অপারেশন/পরিকল্পনা ও উন্নয়ন/ অর্থ ও সংগ্রহ/মনি: ও মূল্যা/প্রকিউরমেন্ট/আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
২. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ সিলেট/ বরিশাল/ রংপুর/ ময়মনসিংহ।
৩. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা .................. (সকল বিভাগ)।
৪. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার .................. (সকল জেলা)।
৫. সুপারিনটেনডেন্ট.................. (সকল) পিটিআই (সংশ্লিষ্ট ইউআরসি/ টিআরসি ইন্সট্রাক্টরকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।)
৬. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা................... (সকল জেলা)।
৭. উপজেলা/ থানা শিক্ষা অফিসার (সকল উপজেলা/থানা).............. উপজেলা/ থানা......................জেলা (প্রতি ব্যাচে দুইজন প্রশিক্ষক ও ৩০ জন শিক্ষক প্রশিক্ষণার্থী হিসেবে যথা সময়ে মনোনয়ন প্রদানের পাশাপাশি PEMIS software এন্ট্রির অনুরোধসহ)।
৮. উপজেলা/ থানা হিসাবরক্ষণ কর্মকর্তা, (সকল উপজেলা/থানা).............................উপজেলা/ থানা...................... জেলা ।
৯. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০. অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১২. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ বিভাগ
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং ৩৮.০১.০০০০.৬০০.২৫.০১০.২১ (পার্ট-১)-৮৩ তারিখ: ৩০ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ / ১৩ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: পিইডিপি৪ প্রকল্পের আওতায় ২০২৩-২৪ অর্থ বছরের বিষয়ভিত্তিক বাংলা প্রশিক্ষণের তথ্য প্রেরণ।**

সূত্র: ৩৮.০১.০০০০.৬০০.২৫.০১০.২১ (পার্ট-১)-৭৯, তারিখ: ০৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর আওতায় ২০২৩-২৪ অর্থবছরে ৪২১ টি ইউআরসি/টিআরসিতে ০৬ (ছয়) দিন ব্যাপি বিষয়ভিত্তিক বাংলা প্রশিক্ষণের বরাদ্দ ও নির্দেশনা ইতোমধ্যে প্রদান করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ সমাপ্তির তিন কর্মদিবসের মধ্যে সূত্রোক্ত স্মারকের নির্দেশনাপত্রের ৫ নং ক্রমিকে উল্লেখিত ছকে তথ্যসহ প্রতিবেদন প্রেরণের নির্দেশনা রয়েছে। উক্ত প্রতিবেদনের সাথে উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের ডেপুটেশন আদেশের স্মারক নম্বর ও তারিখের সাথে হার্ডকপি সংযুক্ত করে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, বর্ণিত প্রশিক্ষণটি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর সাথে সম্পৃক্ত এবং প্রমাণক হিসেবে মন্ত্রীপরিষদ বিভাগে প্রেরণের আবশ্যকতা রয়েছে বিধায় ডেপুটেশন আদেশের হার্ডকপি প্রেরণ অতীব জরুরি।

১৩/০২/২০২৪

মো: মাহবুবুর রহমান বিল্লাহ
উপপরিচালক (প্রশিক্ষণ)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

ইন্সট্রাক্টর
উপজেলা/থানা রিসোর্স সেন্টার (৪২১ ইউআরসি/টিআরসি)

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

১. পরিচালক, প্রশাসন/ পলিসি ও অপারেশন/পরিকল্পনা ও উন্নয়ন/ অর্থ ও সংগ্রহ/মনি: ও মূল্যা/প্রকিউরমেন্ট/আইএমডি, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
২. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা ................. (সকল বিভাগ)।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার .................. (সকল জেলা)।
৪. সুপারিনটেনডেন্ট................. (সকল) পিটিআই (সংশ্লিষ্ট ইউআরসি/ টিআরসি ইন্সট্রাক্টরকে এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।)
৫. উপজেলা/ থানা শিক্ষা অফিসার (সকল উপজেলা/থানা)............... উপজেলা/ থানা......................জেলা (প্রতি ব্যাচে দুইজন প্রশিক্ষক ও ৩০ জন শিক্ষক প্রশিক্ষণার্থী হিসেবে যথা সময়ে মনোনয়ন প্রদানের পাশাপাশি PEMIS software এন্ট্রির অনুরোধসহ)।
৬. উপজেলা/ থানা হিসাবরক্ষণ কর্মকর্তা, (সকল উপজেলা/থানা)............................উপজেলা/ থানা...................... জেলা ।
৭. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইন্সট্রাক্টরের কার্যালয়
উপজেলা রিসোর্স সেন্টার
কাহালু, বগুড়া।
urc.kahaloo.bogra.gov.bd

স্মারক নং: ৩৮.০১.১০৫৪.০০০.২৫.০০২.২৩.০৮

তারিখ: ২৯ মাঘ, ১৪৩০ / ১২ ফেব্রুয়ারি, ২০২৪

**বিষয় : বিষয়ভিত্তিক বাংলা প্রশিক্ষণ আয়োজনের পূর্বানুমতি গ্রহণ প্রসঙ্গে।**

সূত্রঃ ৩৮.০১.০০০০.৬০০.২৫.০১০.২১.৭৯ তারিখ ০৮/০২/২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সবিনয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১৫ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি. থেকে বিষয়ভিত্তিক বাংলা প্রশিক্ষণ আয়োজনের নির্দেশনা দেয়া হয়েছে। কিন্তু অত্রাফিসে নবনিয়োগপ্রাপ্ত প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষকদের 'প্রাক-প্রাথমিক প্রশিক্ষণ' চলমান রয়েছে (০৬/০২/২০২৪ খ্রি. হতে ২০/০২/২০২৪ খ্রি.)। এমতাবস্থায় আগামী ২৪ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি. থেকে বিষয়ভিত্তিক বাংলা প্রশিক্ষণ শুরু করার অনুমতি প্রদানের জন্য মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

পরিচালক (প্রশিক্ষণ)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা- ১২১৬।

১২/০২/২০২৪
(মোঃ ছায়েদুর রহমান)
ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
কাহালু, বগুড়া।

স্মারক নং: ৩৮.০১.১০৫৪.০০০.২৫.০০২.২৩.০৮(৬)

তারিখ: ২৯ মাঘ, ১৪৩০ / ১২ ফেব্রুয়ারি, ২০২৪

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-
১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা- ১২১৬।
২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, বগুড়া।
৪। সুপারিনটেনডেন্ট, বগুড়া পিটিআই, বগুড়া।
৫। উপজেলা শিক্ষা অফিসার, কাহালু, বগুড়া।
৬। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কাহালু, বগুড়া।
৭। অফিস কপি।

স্বাঃ/-
(মোঃ ছায়েদুর রহমান)
ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
কাহালু, বগুড়া।